পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র
Since-1986
বাড়ী নং- ৫৪৮, রোড নং- ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা- ১২০৭।
ফোনঃ ৫৮১৫১১২৬, ৯১২৮৮২৪, ০১৭৭৭৭৯১১২২, E-mail: pmuk@padakhep.org, info@padakhep.org, web: www.padakhep.org

স্মারক নং ঃ পদ/পক/এইচ. আর এন্ড এডমিন/২০১৯/৩৯৭০ — তারিখ ঃ ৩০/১০/২০১৯ খ্রিস্টাব্দ

একই স্মারক ও তারিখে ইস্যুকৃত সার্কুলারের প্রতিস্থাপক হিসেবে সংশোধিত অফিস সার্কুলার ইস্যু করা হলো।

সংশোধিত অফিস সার্কুলার

সংস্থার ক্ষুদ্রঅর্থায়ন কর্মসূচীর ব্রাঞ্চ পর্যায়ে কর্মরত কর্মীদের প্রদেয় লাঞ্চ ভাতা ১০/- (দশ) টাকা বৃদ্ধি করে ৭০/- (সত্তর) টাকা প্রদানের অনুমোদন প্রসঙ্গে

ক. গত ১৭/০৯/২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত সংস্থার নির্বাহী পর্ষদের ২৪৮তম সভায় ক্ষুদ্রঅর্থায়ন কর্মসূচীর ব্রাঞ্চ পর্যায়ে কর্মরত কর্মীদের বর্তমানে চলমান লাঞ্চ ভাতা ৬০/-(ষাট) টাকা থেকে ১০/- (দশ) টাকা বৃদ্ধি করে ৭০/- (সত্তর) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে, যা ০১/১০/২০১৯ খ্রিস্টাব্দ হতে কার্যকর হবে।

খ. সংস্থার নির্বাহী পর্ষদ সভার উপরোক্ত সিদ্ধান্ত ও এতদ্ সংক্রান্ত চূড়ান্ত প্রস্তাবনা অনুমোদন অনুসারে ক্ষুদ্রঅর্থায়ন কর্মসূচীর ব্রাঞ্চ পর্যায়ে কর্মরত কর্মীদের লাঞ্চ ভাতা বৃদ্ধি কার্যকর / প্রদান করার ক্ষেত্রে নিম্নে উল্লেখিত নিয়ম বা শর্তাবলী অনুসরণ করা আবশ্যক / প্রযোজ্য হবে ঃ-

খ.১ ব্রাঞ্চ পর্যায়ে যারা লাঞ্চ ভাতা সুবিধা প্রাপ্য হবে

খ.১.১ ব্রাঞ্চ পর্যায়ে ব্রাঞ্চ ম্যানেজার, ব্রাঞ্চ অফিসার (হিসাব), ব্রাঞ্চ অফিসার (লোন) ও কমিউনিটি ম্যানেজার পদে কর্মরত প্রত্যেক কর্মী তার দায়িত্ব পালনকালীন প্রতি কার্যদিবসের জন্য ৭০/- (সত্তর) টাকা হারে লাঞ্চ ভাতা প্রাপ্য হবে।

খ.১.২ উপর্যুক্ত পদে বর্তমানে কর্মরত কর্মীদের বেলায় এ বর্ধিত লাঞ্চ ভাতা ০১/১০/২০১৯ খ্রিস্টাব্দ থেকে কার্যকর হবে।

খ.১.৩ নতুন নিয়োগ প্রাপ্ত কর্মীদের বেলায় ব্রাঞ্চে তথা সংস্থায় যোগদানের তারিখ থেকে এ বর্ধিত লাঞ্চ ভাতা সুবিধা প্রদেয় হবে।

খ.১.৪ ব্রাঞ্চ অফিসের জন্য নির্ধারিত নিয়মিত পদের বিপরীতে নিয়োগকৃত যেসব কর্মী / কর্মীগণ ডেপুটেশনে অন্য কোন কর্মসূচী / প্রকল্পে কাজ করছে তাদেরকে লাঞ্চ ভাতা সুবিধা প্রদান করা যাবে।

খ.১.৫ ব্রাঞ্চে কর্মরত **অফিস সহকারীগণ** ০১/১০/২০১৯ খ্রিস্টাব্দ থেকে এ লাঞ্চ ভাতা সুবিধা প্রাপ্য হবে।

খ.২ যেসব ক্ষেত্রে লাঞ্চ ভাতা সুবিধা প্রদান প্রযোজ্য হবে না

খ.২.১ অত্র প্রস্তাবনা অনুমোদন হবার পূর্বে যারা সংস্থার চাকুরি হতে পদত্যাগ করেছেন এবং পদত্যাগ কার্যকরের প্রস্তাবনা ইতোমধ্যে অনুমোদিত হয়েছে (পদত্যাগ কার্যকরের তারিখ যাহাই হোক না কেন) তাদের ক্ষেত্রে বর্ধিত লাঞ্চ ভাতা সুবিধা প্রদান প্রযোজ্য হবে না।

খ.২.২ বিভিন্ন ধরনের ছুটি (যেমনঃ সাপ্তাহিক ছুটি, ঈদ, পুজা, বড়দিন ও অন্যান্য উৎসবের ছুটি, জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন দিবস উদযাপনের ছুটি, নৈমিত্তিক ছুটি, অর্জিত ছুটি, অসুস্থ্যতা জনিত ছুটি, মাতৃত্ব/পিতৃত্ব জনিত ছুটি, বিনা বেতনে ছুটি প্রভৃতি) ভোগকালীন সময়ে সংশ্লিষ্ট কর্মী / কর্মীদের লাঞ্চ ভাতা প্রদান প্রযোজ্য হবে না।

খ.২.৩ ঈদ বা অন্য কোন ছুটি কালীন সময়ে অফিসে অবস্থানকারী কর্মীদের আলাদা ভাতা প্রদান করা হলে উক্ত ছুটির সময়ে ব্রাঞ্চে অবস্থানের জন্য সংশ্লিষ্ট কর্মী আলাদাভাবে কোন লাঞ্চ ভাতা সুবিধা প্রাপ্য হবেন না।

খ.২.৪ কোন কর্মী যথাসময়ে অফিসে হাজির না হওয়ার কারনে নিয়মানুযায়ী ঐ দিন উক্ত কর্মীকে অফিসে অনুপস্থিত হিসেবে বিবেচনা করা হলে উক্ত দিনের জন্য সংশ্লিষ্ট কর্মী লাঞ্চ ভাতা সুবিধা প্রাপ্য হবেন না।

খ.২.৫ অফিসিয়াল ভ্রমণ সময়ে সংস্থার "ভ্রমণ সংক্রান্ত নীতিমালা (দ্বিতীয় সংস্করণ-২০১৩)" অনুযায়ী দৈনিক ভাতা বা খাবার ভাতা প্রাপ্য হলে সংশ্লিষ্ট ভ্রমণকালীন সময়ের জন্য কোন কর্মী লাঞ্চ ভাতা সুবিধা প্রাপ্য হবেন না। তবে কোন কর্মী তার চলমান ভ্রমণ শেষ করে দুপুর ২.০০ টার মধ্যে এসে ব্রাঞ্চে কাজে যোগদান ও অবশিষ্ট সময় দাপ্তরিক দায়িত্ব পালনে নিয়োজিত থাকলে ঐ দিনের জন্য সংশ্লিষ্ট কর্মীকে লাঞ্চ ভাতা সুবিধা প্রদান করা যাবে।

খ.২.৬ ব্রাঞ্চ পর্যায়ের কোন কর্মী কোন কারনে কর্মরহিত হয়ে এরিয়া, জোন কিংবা প্রধান কার্যালয়ে সংযুক্ত বা সাময়িক কর্মরহিত বা সাময়িক বরখাস্ত হলে সংশ্লিষ্ট কর্মীকে উক্ত সময়ে লাঞ্চ ভাতা সুবিধা প্রদান করা যাবে না। তবে উক্ত কর্মীর বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের সঙ্গে তার লাঞ্চ ভাতার বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে।

পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র
Since-1986
বাড়ী নং- ৫৪৮, রোড নং- ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা- ১২০৭।
ফোনঃ ৫৮১৫১১২৬, ৯১২৮৮২৪, ০১৭৭৭৭৯১১২২, E-mail: pmuk@padakhep.org, info@padakhep.org, web: www.padakhep.org

খ.২.৭ অফিসিয়াল কোন মিটিং / সেমিনার / ট্রেনিং / ওয়ার্কশপ এ অংশগ্রহণ করলে এবং তাতে অফিসিয়াল খরচে দুপুরের খাবার সরবরাহ করা হলে সংশ্লিষ্ট দিনের জন্য সংশ্লিষ্ট কর্মী / কর্মীদেরকে লাঞ্চ ভাতা সুবিধা প্রদান প্রযোজ্য হবে না।

খ.২.৮ ব্রাঞ্চ পর্যায়ে মাষ্টাররোলে নিয়োজিত আয়া, বুয়াদের লাঞ্চ ভাতা সুবিধা প্রদান প্রযোজ্য হবে না।

খ.২.৯ ব্রাঞ্চ পর্যায়ে বাস্তবায়িত কোন প্রকল্প বা কর্মসূচীর আওতায় প্রকল্প বা কর্মসূচী মেয়াদকালের জন্য নিয়োজিত কর্মীদের লাঞ্চ ভাতা সুবিধা প্রদান প্রযোজ্য হবে না। তবে সংশ্লিষ্ট প্রকল্প বা কর্মসূচীর বাজেটে / ওয়ার্কিং বাজেটে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ থাকা সাপেক্ষে লাঞ্চ ভাতা প্রদানের বিষয় বিবেচনা করা হতে পারে।

খ.৩ ব্রাঞ্চ পর্যায়ের কর্মীদের লাঞ্চ ভাতা পরিশোধ পদ্ধতি

খ.৩.১ ব্রাঞ্চ পর্যায়ে কর্মীদের লাঞ্চ ভাতা দৈনিক ভিত্তিতে প্রদান না করে মাস শেষে সারা মাসের প্রাপ্য লাঞ্চ ভাতা একত্রে আলাদাভাবে প্রদেয় হবে।

খ.৩.২ মাসের মধ্যবর্তী কোন সময়ে কোন কর্মী এক ব্রাঞ্চ থেকে অন্য ব্রাঞ্চে বদলী হলে বদলী হবার আগ পর্যন্ত সংশ্লিষ্ট মাসে কর্মীর জন্য প্রযোজ্য লাঞ্চ ভাতা প্রাপ্তির দিন সংখ্যা বদলী জনিত ছাড়পত্রের সর্বশেষ বেতন-ভাতা প্রদান সংক্রান্ত পূরণীয় অংশের পার্শ্বে নোট আকারে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক কর্তৃক উল্লেখ / প্রত্যয়ন করতে হবে। এক্ষেত্রে মাস শেষে লাঞ্চ ভাতা দেবার সময় সংশ্লিষ্ট কর্মীর পূর্বের ও বর্তমান কর্মস্থলের জন্য প্রযোজ্য / প্রাপ্য সমুদয় লাঞ্চ ভাতা বর্তমান / সর্বশেষ কর্মস্থল থেকে প্রদান করা হবে, যা সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক কর্তৃক নিশ্চিত করতে হবে।

খ.৩.৩ সংশ্লিষ্ট ব্রাঞ্চ অফিসার (হিসাব) / ব্রাঞ্চ ম্যানেজার কর্তৃক মাস শেষে ব্রাঞ্চের সকল কর্মীর জন্য প্রযোজ্য / প্রাপ্য লাঞ্চ ভাতার পরিমাণ নির্ধারণ পূর্বক **(সংযুক্ত ফরম্যাট অনুসারে)** প্রস্তাবনা অনুমোদনের জন্য এরিয়া ম্যানেজারের নিকট উপস্থাপন করবেন। সংশ্লিষ্ট এরিয়া ম্যানেজার উপস্থাপিত তথ্য যাচাই বাছাই পূর্বক অনুমোদন করবেন এবং যথাসময়ে প্রদানের ব্যবস্থা করবেন।

খ.৩.৪ এতদ্ সংক্রান্ত খরচ "দুপুরের খাবার ভাতা" বা "Lunch Allowance" নামক আলাদা খাতে হিসাবভুক্ত করতে হবে।

গ. বর্ণিত নিয়ম বা শর্তাবলী অনুসারে ক্ষুদ্রঅর্থায়ন কর্মসূচীর ব্রাঞ্চ পর্যায়ে কর্মরত কর্মীদের লাঞ্চ ভাতা সুবিধা প্রদান / কার্যকর করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে নির্দেশ দেয়া যাচ্ছে।

ঙ. এই অফিস সার্কুলারের বর্ণিত নির্দেশনা প্রতিপালনের সুবিধার্থে কোনরূপ ব্যাখ্যার প্রয়োজন হলে মানব সম্পদ ও প্রশাসন বিভাগের দায়িত্ব প্রাপ্ত কর্মী **জনাব মোঃ আলম হোসেন (মোবাইল নম্বর- ০১৭১৩২৪৯৭১৯)** এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

ব্রাঞ্চ পর্যায়ের কর্মীদের লাঞ্চ ভাতা বৃদ্ধি, অর্পিত দায়িত্ব প্রতিপালনে আরো বেশী অনুপ্রাণিত করবে, যা সংস্থার অভীষ্ঠ লক্ষ্য অর্জনে সহায়ক ভূমিকা রাখবে বলে কর্তৃপক্ষ আশা করে।

(মোঃ সালেহ বিন সামস)
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)
এবং পরিচালক (মাইক্রোফিন্যান্স)

অনুলিপি (ই-মেইলে প্রেরিত হলো)
১. প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকল বিভাগ / ব্যবস্থাপনা ইউনিট (কার্যার্থে)।
২. ইনচার্জ, আইসিটি বিভাগ, প্রধান কার্যালয় **(অফিস সার্কুলারটি সংস্থার ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)**।
৩. অফিস কপি।

অনুলিপি (সদয় অবগতির জন্য)
১. প্রেসিডেন্ট মহোদয়, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র।